অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্মক্ষেত্রে হয়রানি ও বৈষম্য সমাধানে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (S.812B/A.2035B) কর্মক্ষেত্রে যৌন হয়রানির অভিযোগের জন্য একটি গোপনীয় হটলাইন স্থাপন করে

বিধিমালা (S.3395B/A.2483B) স্টেট এবং সকল সরকারি কর্মচারীদের মানবাধিকার আইনের অধীন হিসেবে অন্তর্ভুক্ত করে

বিধিমালা (S.5870/A.7101) কর্মচারীদের বিরুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপ হিসেবে ব্যক্তিগত রেকর্ড প্রকাশ নিষিদ্ধ করে

গভর্নরের সমতা এজেন্ডার সম্পূরক, এর মধ্যে রয়েছে লিঙ্গ সমতার একটি পরিষদ তৈরি এবং সকলের জন্য প্রজনন উপলভ্যতা সুরক্ষিত রাখা

গভর্নর ক্যাথি হোকল আজকে কর্মক্ষেত্রে হয়রানি ও বৈষম্য সমাধানে বিধিমালার একটি প্যাকেজে স্বাক্ষর করলেন। বিধিমালা (S.812B/A.2035B) কর্মক্ষেত্রে যৌন হয়রানির অভিযোগের জন্য একটি টোলমুক্ত গোপনীয় হটলাইন স্থাপন করে। বিধিমালা (S.3395B/A.2483B) স্টেট এবং সকল সরকারি কর্মচারীদের মানবাধিকার আইনের (Human Rights Law) বিধানের অধীনে অন্তর্ভুক্ত করে। বিধিমালা (S.5870/A.7101) কর্মচারীদের বিরুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপ হিসেবে ব্যক্তিগত রেকর্ড প্রকাশ নিষিদ্ধ করে। বিধিমালাটি নারী ইতিহাসের মাসের (Women's History Month) একটি উদযাপনে স্বাক্ষর করা হয়, যা লিঙ্গ সমতা ও নারীর অধিকারের পক্ষে কথা বলে।

"প্রথম দিন থেকেই, অ্যালবানিকে পরিচ্ছন্ন করা, হয়রানি ও শোষণের সংস্কৃতিকে পরিবর্তন করা এবং নিরাপদ, বিনীত কর্মক্ষেত্র নিশ্চিত করা আমার শীর্ষ অগ্রাধিকার ছিলো," **গভর্নর হোকল বলেন।** "সকলের বেআইনি বৈষম্য ও হয়রানিমুক্ত কর্মক্ষেত্র পাওয়ার অধিকার রয়েছে, এবং আমি লিঙ্গ সমতার জন্য লড়াই করা কখনো বন্ধ করবো না। যদিও আরো কাজ করা বাকি আছে, আমি সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা, মর্যাদা, এবং সম্মান বৃদ্ধি করতে আমরা যেই পদক্ষেপগুলি নিচ্ছি তা নিয়ে গর্ব করি।"

যৌন হয়রানির সমাধান করা গভর্নর হোকলের সমতা এজেন্ডার (Equity Agenda) অংশ, যেখানে রয়েছে একটি লিঙ্গ সমতার পরিষদ (Council on Gender Equity) তৈরি, গর্ভপাত যত্ন, জন্মপূর্ব এবং জন্মপরবর্তী যত্নসহ প্রজনন স্বাস্থ্যসেবার উপলভ্যতা সুরক্ষিত রাখা, সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসাসমূহের (Minority and Women-owned Businesses, MWBEs) সমর্থন বৃদ্ধি করা, চাইল্ড কেয়ার উপলভ্যতায় বিনিয়োগ করা, এবং প্রতিটি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ক্যাম্পাসে বিনামূল্যে চাইল্ড কেয়ার আনার পরিকল্পনা। এছাড়াও গভর্নর এই সেশনে সম অধিকার সংশোধনী (Equal Rights Amendment) পাশ করার জন্য আইনসভাকে আহ্বান করছেন।

বিধিমালা S.812B/A.2035B অনুযায়ী মানবাধিকার ডিভিশনের (Division of Human Rights) জন্য কর্মক্ষেত্রে যৌন হয়রানির অভিযোগের জন্য একটি টোলমুক্ত গোপন হটলাইন স্থাপন করা আবশ্যক হবে। কর্মক্ষেত্রে যৌন হয়রানির শিকার অনেকেই তাদের আইনি অধিকার প্রয়োগ করতে পারে না কারণ তারা জানেই না সেই অধিকারসমূহ কী। হটলাইনে কাজ হবে অভিযোগসমূহকে অভিজ্ঞ প্রো-বোনো অ্যাটর্নিদের সাথে যুক্ত করে দেওয়া যারা তাদেরকে তাদের আইনি অধিকার জানাবে এবং তাদের নির্দিষ্ট মামলার বিশেষত্ব নিয়ে উপদেশ প্রদান করবে।

বিধিমালা S.3395B/A.2483B স্পষ্ট করে যে স্টেটকে একটি চাকরিদাতা হিসেবে বিবেচনা করা হবে এবং নির্বাচিত কর্মকর্তা বা বিচারপতিদের কর্মীসহ নির্বাহী, বিচার বিভাগ, এবং আইনসভার শাখাসমূহে কাজ করা সকলেই মানবাধিকার আইনের বিধানের অধীনে অন্তর্ভুক্ত হবে। বিধিমালাটি স্পষ্ট করবে যে স্টেট সরকারি কর্মচারীদের হয়রানির দায় এড়াতে পারবে না এবং নিশ্চিত করবে যে নিউ ইয়র্কের সুদূরপ্রসারী হয়রানি বিরোধী প্রবিধান যাতে সরকারি বেসরকারি সব চাকরিজীবীদের রক্ষা করে।

বিধিমালা S.5870/A.7101 এটি প্রতিষ্ঠা করে যে মানবাধিকার আইনের অধীনে, কর্মক্ষেত্রে বৈষম্যের শিকার ব্যক্তিদের সুনামহানির জন্য কোর্টে প্রতিশোধমূলক পদক্ষেপ হিসেবে ব্যক্তিগত রেকর্ড প্রকাশ করা যাবে না। মানবাধিকার আইন স্পষ্টভাবে অভিযোগের বিরুদ্ধে সকল প্রতিশোধের উপায়কে নিষিদ্ধ করে। বিধিমালা স্পষ্ট করে যে ব্যক্তিগত রেকর্ড প্রকাশকে প্রতিশোধমূলক গণ্য করা হবে যদি না এটিকে তদন্তের জন্য প্রয়োজনীয় বলে মনে করা হয়। এছাড়াও বিলটি এই নতুন বিধানের অধীনে বেআইনি প্রতিশোধের শিকার ব্যক্তিদের অতিরিক্ত সংস্থান প্রদান করে, তাদেরকে অ্যাটর্নি জেনারেলের কাছে একটি অভিযোগ দায়ের করার সুযোগ দিয়ে, যিনি স্টেট সুপ্রিম কোর্টে একটি প্রক্রিয়া শুরু করতে পারবেন।

স্টেট সিনেটর আলেসান্দ্রা বিয়াগি বলেন, "গত বছরের ঘটনাসমূহের পরিপ্রেক্ষিতে, নিউ ইয়র্কবাসীরা এটি খুব ভালোভাবেই স্পষ্ট করে দিয়েছে যে তারা যৌন হয়রানির শিকার ভুক্তভোগীদের পাশে আছে এবং কর্মক্ষেত্রে শোষণকারীদের দায়বদ্ধ করতে কোনওরকম ব্যর্থতাকে সহ্য করবে না। আইনসভার দায়িত্ব হলো এই গতিবেগের উপর আরো কাজ করা এবং এমন বিধিমালা প্রণয়ন করা যা একটি নিরাপদ ও হয়রানিমুক্ত নিউ ইয়র্ক গঠন করার জন্য সকল খাতে কর্মীদের রক্ষা করবে। S.812B-র স্পন্সর হিসেবে, যা কর্মক্ষেত্রে যৌন হয়রানির অভিযোগের জন্য একটি টোলমুক্ত গোপন হটলাইন স্থাপন করে, আমি এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর হতে দেখে গর্বিত, এটি নিউ ইয়র্কের যৌন হয়রানির বিরুদ্ধে সুরক্ষাকে আরো

জোরদার করবে। আজকে আমরা নিশ্চিত করলাম যে সকল যৌন হয়রানির শিকার ভুক্তভোগীর প্রকাশ্যে ন্যায়বিচার চাওয়ার সুযোগ থাকবে এবং আমরা সকলের জন্য আরো নিরাপদ নিউ ইয়র্ক গঠনে কাজ করে যাচ্ছি।"

স্টেট সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডস বলেন, "অনেক দশক ধরে, শোষণ ও দুর্নীতির পরিপক্ক সংস্কৃতি যৌন হয়রানি ও বৈষম্যের শিকার ভুক্তভোগীদের চুপ করিয়ে রেখেছে। আমি এই বিলগুলিতে স্বাক্ষর করার জন্য এবং যারা কথা বলতে চায় তাদের কথা শোনার জন্য, এবং সকল কর্মীরা যাতে তাদের কর্মক্ষেত্রে নিরাপদ ও সুরক্ষিত থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এটি সম্ভব হতো না যদি না নির্ভীক প্রবক্তাগণ এবং ভুক্তভোগীরা নিজেদের জীবনের অভিজ্ঞতাকে পদক্ষেপে পরিণত না করতেন, এবং সকল নিউ ইয়র্কবাসীর দুর্দান্ত সুরক্ষার জন্য লড়াই করে না জিততেন।"

অ্যাসেম্বলি সদস্য ইউ-লিন নিওহ বলেন, "2019 সালে, আমার সহকর্মীবৃন্দ ও আমি সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি ল্যান্ডমার্ক যৌন হয়রানি সুরক্ষা পাশ করি, যার মধ্যে ছিলো সকল চাকরিদাতার জন্য একটি যৌন হয়রানি পলিসি নির্ধারণ, কর্মচারীদের প্রশিক্ষণ, এবং একটি স্পষ্ট অভিযোগ ও তদন্ত প্রক্রিয়া আবশ্যিক করা, যা নিউ ইয়র্কবাসীকে যেকোনও ধরনের হয়রানি থেকে আরো ভালো সুরক্ষা দিবে। আমার বিলগুলি পাশ হওয়ার মাধ্যমে, নিউ ইয়র্ক এমন সকল শূন্যস্থান পূরণ করে দিলো যা স্টেটের কর্মীদের যৌন হয়রানির শিকার করতে পারে এবং এটি এমন একটি হটলাইন তৈরি করে যা যৌ হয়রানির শিকারদের অতি গুরুত্বপূর্ণ সংস্থান ও আইনি সহায়তা প্রদান করে। আমি অ্যাসেম্বলিতে এই বিলগুলি স্পন্সর করতে পেরে গর্বিত এবং যারা এটিকে সম্ভব করেছেন অর্থাৎ গভর্নর হোকল, সিনেটর গাউনডার্স, সিনেটর বিয়াগি, এবং যৌন হয়রানির সক্রিয় দলের (Sexual Harassment Working Group) মতো প্রবক্তা গোষ্ঠীকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য জেসিকা গঞ্জালেস-রোহাস বলেন, "কোনও নিউ ইয়র্কবাসী, কোনও নারীর কর্মক্ষেত্রে কারো দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার কথা সামনে আনার জন্য প্রতিশোধের ভয় পাওয়া উচিত না। আজকে আমার বিলটি স্বাক্ষর হওয়ার ফলে আমরা পুরো নিউ ইয়র্ক স্টেটে এসবের শিকার ভুক্তভোগীদের কাছে একটি দৃঢ় বার্তা প্রেরণ করছি যে তারা এক নয় এবং তাদের কথা শোনা হবে, এবং আমরা তাদের রক্ষা করবো। নারী ইতিহাসের মাসে এটি করা বিশেষভাবে অর্থপূর্ণ কারণ আমরা জানি যৌন হয়রানির অভিযোগ করা নারীদের মধ্যে কৃষ্ণাঙ্গ নারীদের প্রতিনিধিত্ব অসামঞ্জস্যপূর্ণ এবং অভিযোগ করা 3 জন নারীর মধ্যে 1 জন নিজেদের বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থার অভিযোগও করেন। আমি এই বিলটিতে সিনেটর গাউনার্ডসের সাথে কাজ করতে পেরে, আমাদেরকে এটি অগ্রসর করতে সাহায্য করা প্রবক্তাগণের, এবং আজকে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করে তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলের প্রতি অনেক কৃতজ্ঞ।"

###